



গাড়িবহর থামিয়ে আটকে থাকা অ্যাম্বুলেন্সকে আগে যেতে দিলেন প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

রাজধানীর সড়কে আজ সকালে একটি মানবিক ঘটনার সাক্ষী হলো নগরবাসী। যানজটের মধ্যে আটকে থাকা একটি অ্যাম্বুলেন্সকে দ্রুত যেতে দিতে নিজের গাড়িবহর থামিয়ে দেন প্রধানমন্ত্রী তারেক রহমান। ভিভিআইপি প্রটোকল উপেক্ষা করে তিনি জরুরি সেবাকে অগ্রাধিকার দেন। ঘটনাটি ঘটে বুধবার (৬ মে) সকালে রাজধানীর এলিভেটেড এক্সপ্রেসওয়ের কারওয়ান বাজার অংশে। প্রত্যক্ষদর্শী ও নিরাপত্তা সূত্রে জানা যায়, সকাল ৯টার কিছু আগে প্রধানমন্ত্রী সচিবালয়ের উদ্দেশে রওনা দেন। তার গাড়িবহর বনানী এক্সপ্রেসওয়ে হয়ে কারওয়ান বাজার ও এফডিসি মোড় এলাকায় পৌঁছালে পেছন থেকে একটি অ্যাম্বুলেন্সের সাইরেন শোনা যায়। সাইরেনের শব্দে বিষয়টি নজরে আসার পর তিনি বুঝতে পারেন, জরুরি রোগীবাহী ওই অ্যাম্বুলেন্সটি তীব্র যানজটে আটকে পড়েছে। তখনই তিনি নিরাপত্তা কর্মকর্তাদের নির্দেশ দেন গাড়িবহর থামাতে এবং অ্যাম্বুলেন্সের জন্য পথ করে দিতে। নির্দেশ পাওয়ার সঙ্গে সঙ্গে নিরাপত্তা সদস্যরা দ্রুত ব্যবস্থা নেন। কিছুক্ষণের মধ্যেই অ্যাম্বুলেন্সটি সামনে এগিয়ে যেতে সক্ষম হয় এবং গন্তব্যের দিকে রওনা দেয়। ভিভিআইপি চলাচলের সময় সাধারণত রাস্তা নিয়ন্ত্রণে রাখা একটি প্রচলিত নিয়ম। তবে এই ঘটনায় সেই রীতি ভেঙে জরুরি সেবাকে অগ্রাধিকার দেওয়া হয়। বিষয়টি অনেকেই মানবিক দৃষ্টান্ত হিসেবে দেখছেন। নগরবাসীর অনেকে বিষয়টিকে দায়িত্ববোধ ও মানবিকতার একটি ইতিবাচক উদাহরণ হিসেবে দেখছেন। তাদের মতে, এমন সিদ্ধান্ত জনসাধারণের মধ্যে আস্থা ও সহমর্মিতার বার্তা আরও জোরালোভাবে পৌঁছে দেয়।